NOV. 24 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# কৃষি ভার্সিটিতে ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ, গুলিতে নিহত ১

ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে বিশ্ববিদ্যালয়ের বহিরাগত ছাত্রনামধারী ক্যাডার রেজাউল করিম হাসু নিহত ও ২ জন আহত হয়। ক্যাম্পাসে দু' দলের মধ্যে গোলাগুলি চলছিল। পুলিশ মোতায়েন করা হয়েছে।

শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টায় শহীদ সোহরাওয়ার্দী হলের সামনে সাবেক বাকসু মিলনায়তন সম্পাদক ও ছাত্রদলের নেতা রেজাউল করিম হাসু তার সহযোগীদের নিয়ে হোন্ডাযোগে যাওয়ার সময় সেখানে থামলে হঠাৎ করে তার প্রতিপক্ষরা তাদের ওপর গুলি চালায়। এতে রেজাউল করিম গুলিবিদ্ধ হয়। গুরুতর আহত অবস্থায় ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে আনার পথে সে মারা যায়।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে কিছুদিন থেকেই চরম উত্তেজনাকর অবস্থা বিরাজ করছিল।

ভেটেরিনারি সার্জন হিসেবে চাকরিরত সাবেক কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র খালিদ হাসান এবং খুন ও প্রাতিষ্ঠানিক নিয়ম লংঘনের দায়ে কৃষি বিশ্ববিদ্যালয় হতে

নিহত ঃ পৃঃ ২ কঃ ৬

...বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরে ব্যাপকভাবে সন্ত্রাসী কর্মকান্ড চালিয়ে যাচ্ছে। খালিদ-হাসুর নেতৃত্বাধীন ছাত্র নামধারী সশস্ত্র ক্যাডার গ্রুপটি জাতীয় নির্বাচন অনুষ্ঠানের পর দিন থেকেই বিশ্ববিদ্যালয়ে দখল, চাঁদাবাজি ও লুটপাট শুরু করেছে এবং ক্যাম্পাসে ত্রাসের রাজত্ব কায়েম করেছে।

এ পর্যন্ত তারা বিভিন্ন হলে দু'দফা হামলা চালিয়ে নিরীহ ছাত্র ও ছাত্রলীগের সমর্থকদের বেধড়ক মারধর করে তাড়িয়ে দিয়েছে, বেপরোয়া লুটপাট করে বহু কক্ষ ও সিট দখল করেছে। তারা ছাত্রদের বই, খাতা, কম্পিউটার সেট, সাইকেলসহ প্রয়োজনীয় সকল জিনিসপত্র লুট করে নিয়ে গেছে। অনেক নিরীহ ছাত্রকে চাঁদা দিয়ে হলে থাকতে হচ্ছে। দখলকৃত হলগুলো বিভিন্ন কক্ষে তারা মদ-জুয়া ও গাঁজার আড্ডা জমিয়ে তুলেছে। সশস্ত্র অবস্থায় তারা অবস্থান করে বলে কেউ কিছু বলতে পারছে না। ময়মনসিংহ শহরের বর্তমান টপটেরর কানা লিটন ও বেশ কিছু বহিরাগত সন্ত্রাসী খালিদ-হাসু ক্যাডার গ্রুপের সাথে শামসুল হক হলে অবস্থান করছে বলে একটি বিশ্বস্ত সূত্র জানায়।

এছাড়া খালিদ-হাসু ক্যাডার বাহিনী হত্যার হুমকি দিয়ে ডেপুটি রেজিস্ট্রার আবদুল খালেক, নির্বাহী প্রকৌশলী (পূর্ত) আনোয়ার চৌধুরী, প্রধান যন্ত্র প্রকৌশলী আবদুল মান্নান, বৈজ্ঞানিক কর্মকর্তা আরিফ জাহাঙ্গীর, ছাত্র কল্যাণ কর্মকর্তা সাইফুল ইসলাম, রেফপি প্রকল্পের কর্মকর্তা মোকাম্মেল হোসেনের কাছে মোটা অংকের চাঁদা দাবি করেছে এবং অনেক শিক্ষক-কর্মকর্তার কাছ থেকেও মোটা অংকের চাঁদা আদায় করে নিয়েছে।

নতুন উপাচার্য নিযুক্ত হওয়ার পর দিন রাতে সোহরাওয়ার্দী হল ও বঙ্গবন্ধু হল দখলকে কেন্দ্র করে দু'গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধ হয় এবং সারারাত বৃষ্টির মতো গুলি চলে। শেষ পর্যন্ত খালিদ-হাসু ক্যাডার গ্রুপ সোহরাওয়ার্দী হলটি তাদের দখলে নিয়েছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সমর্থক ছাত্ররা হল ছেড়ে ময়মনসিংহ শহরের বিভিন্ন স্থানে অবস্থান করছে। সশস্ত্র ক্যাডার গ্রুপের ভয়ে তারা হলে যেতে পারছে না।

এদিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় হতে বহিরাগত সশস্ত্র ক্যাডারদের গ্রেফতার করার জন্য জেলা প্রশাসক ও পুলিশ সুপারকে লিখিতভাবে জানানো সত্ত্বেও তারা কার্যকর কোন পদক্ষেপ নিচ্ছে না।

বাকৃবি ছাত্রদলের সভাপতি শফিকুল ইসলাম শফিক ও সাধারণ সম্পাদক শাহাদত হোসেন বিপ্লব জানিয়েছেন, চাকরিজীবী খালিদ ও অছাত্র হাসুর সশস্ত্র ক্যাডার বাহিনী ক্যাম্পাসে যেসব ঘটনা ঘটিয়ে যাচ্ছে তাতে বর্তমান সরকার ও নবনিযুক্ত উপাচার্যের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। এদের সন্ত্রাসী কর্মকান্ড বিশ্ববিদ্যালয়ে এক ...